গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং-৩৫২ তারিখ : ০৮ ডিসেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ।

# স্থায়ী কমিটির সভার নোটিশ ঃ

এতদ্বারা অত্র উপজেলা অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, অত্র কমিটির দ্বিমাসিক সভা আগামী ১২ ডিসেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ তারিখ সময়ঃ সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে জনাব মোছাঃ আমিনা বেগম, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

আপনাকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় ঃ
১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
২। অর্থ সংক্রান্ত।
৩। উন্নয়ন মূলক।
৪। অপরেশনাল।
৫। বিবিধ।

০৮/১২/২১
(মোঃ সিরাজুদ্দৌলা)
সদস্য সচিব
উপজেলা অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থায়ী সম্পদ বিষয়ক কমিটি
ও
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

প্রাপক
জনাব..................................................
..........................................................
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং-উপ্রবাঅ/নাগ/কুড়ি/২০২১/ তারিখ :

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ
১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
২। উপজেলা নিবার্হী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৩। অফিস কপি।

স্বাক্ষরিত
(মোঃ সিরাজুদ্দৌলা)
সদস্য সচিব
উপজেলা অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থায়ী সম্পদ বিষয়ক কমিটি
ও
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

বিষয় ঃ উপজেলা অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থায়ী সম্পদ বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ মোছাঃ আমিনা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী।

তারিখ ঃ ১২ ডিসেম্বর ২০২১ খ্রিঃ,

সময় ঃ সকাল ১১.০০ টা

স্থান ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

উপস্থিতি স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | মোছাঃ আমিনা বেগম,<br>উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, নাগেশ্বরী, কুড়িগ্রাম। | সভাপতি | ১২/১২/২১ | |
| ২ | চেয়ারম্যান, কেদার ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম। | সদস্য | ১২-১২-২১ | |
| ৩ | চেয়ারম্যান, নেওয়াশী ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম। | সদস্য | | |
| ৪ | উপজেলা প্রকৌশলী, নাগেশ্বরী, নাগেশ্বরী, কুড়িগ্রাম। | সদস্য | ১২-১২-২১ | |
| ৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম। | সদস্য সচিব | | |

**আলোচ্য বিষয় ঃ**

১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
২। অর্থ সংক্রান্ত ও বই বিতরণ বিষয়ক
৩। উন্নয়ন মূলক।
৪। অপরেশনাল।
৫। বিবিধ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

**আলোচনা ও সিদ্ধান্ত ঃ-**

১ নং বিষয়ে আলোচনা শুরু হলে উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার গত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্ত ঃ গত সভার কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনান্তে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়।

২ নং আলোচনা শুরু হলে উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম সভায় জানান যে, নাগেশ্বরী উপজেলার উন্নয়নে 'উপজেলা অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থায়ী সম্পদ বিষয়ক কমিটি' গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সঠিক ও নির্ভূল পরিকল্পনার মাধ্যমে অর্থের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। তিনি জানান অত্রাফিসের অনুকূলে বিগত অর্থ বছরের বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যবহার করা হয়েছে।

৩ নং বিষয়ে আলোচনা শুরু হলে তিনি জানান যে, চলতি অর্থবছরের বিভিন্ন উন্নয়ন মূলক কাজ ও টিআর, কাবিখার মাধ্যমে কার্যক্রম বাস্তবায়ন হয়েছে। এছাড়া তিনি জানান চলতি বছর উপজেলার বিভিন্ন ইউনিয়নের হত দরিদ্রদের বিভিন্ন ত্রাণ সহায়তা, শুকনা খাদ্য বিতরণ, শীত বস্ত্র বিতরণ, গৃহহীনদেও গৃহ প্রদান ও কর্মসংস্থান সৃজনে বহুমুখী কার্যক্রম চলমান রয়েছে। সকল উন্নয়নমূলক কার্যক্রমে স্থানীয় জনগণের অংশগ্রহণ ও জনপ্রতিনিধিগণকে তদারকি করার অনুরোধ জানান। অতপর কোন তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন।

৪ নং বিষয়ে আলোচনা শুরু হলে চেয়ারম্যান, কেদার ইউপি জানান যে, এবছর শীতের প্রকোপ বেশি হওয়ায় শীতবস্ত্রের বরাদ্দ বাড়ানোর অনুরোধ করেন। উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়নে সকল জনপ্রতিধিগণের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য সভায় অনুরোধ করেন। অতপর কোন তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন।

৫ নং বিবিধ বিষয়ে অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য সমাপ্তি ঘোষনা করেন।

(মোছাঃ আমিনা বেগম)
মহিলা ভাইস চেয়ারম্যান,
উপজেলা পরিষদ, নাগেশ্বরী কুড়িগ্রাম।